

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৪৯

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

আরবী

وَعَنْ خَلَّدِ بْنِ السَّائِبِ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «أَتَانِي جِبْرِيلُ فَأَمَرَنِي أَنْ آمُرَ أَصْحَابِي أَنْ يرفَعوا أصواتَهم بالإِهْلالِ أَو التَّلبيَةِ» . رَوَاهُ مَالِكٌ وَالتَّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ وَالدَّارِمِيُّ

বাংলা

২৫৪৯-[১০] খল্লাদ ইবনুস্ সায়িব তার পিতা (সায়িব) হতে বর্ণনা করেন। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জিবরীল (আঃ) আমার কাছে এসে আমাকে নির্দেশ দিলেন যে, আমি যেন আমার সাহাবীগণকে উচ্চস্বরে তালবিয়াহ্ পাঠ করতে আদেশ করি। (মালিক, তিরমিয়ী, আবূ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১৮১৪, তিরমিয়ী ৮২৯, নাসায়ী ২৭৫৩, ইবনু মাজাহ ২৯২২, মুয়াত্ত্বা মালিক ১১৯৯, সহীহ আল জামি' ৬২, সহীহ আত্ তারগীব ১১৩৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَمَرَنِيْ أَنْ أَمُرَ أَصْحَابِيْ) "তিনি আদেশ করেছেন"। অর্থাৎ- আল্লাহর পক্ষ থেকে আমাকে অবহিত করেছেন) আমি যেন আমার সঙ্গীদের আদেশ করি। জমহূরের মতে এ আদেশ মুস্তাহাব। আহলুয্ যাহিরদের মতে তা ওয়াজিব।

(أَنْ يَرْفَعُوْا أَصْوَاتَهُمْ بِالْإِهْلَالِ) তারা যেন ইহরাম বাঁধার সময় উচ্চস্বরে তালবিয়াহ্ পাঠ করে। যাতে ইহরামের নিদর্শন প্রকাশ পায় এবং অজ্ঞরা তা শিখতে পারে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন